

প্রসঙ্গ : মেডিকেল
কলেজে ভর্তি

গত ৬-১২-৮৭ ইং তারিখে প্রকাশিত 'দৈনিক খবর' পাঠে জানতে পারলাম যে, এই বছর এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষাতেই প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই কেবলমাত্র মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার জন্য ন্যূনতম যোগ্যতার দাবীদার। কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত কর্তৃক যুক্তিসঙ্গত তা নিম্নোক্ত যুক্তিপূন্য হতে সম্যক ধারণা পাওয়া যাবে :

১। এমন অনেক ছাত্র-ছাত্রী আছে যারা এসএসসি পরীক্ষায় প্রথম বিভাগে ও এইচএসসিতে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হওয়া সত্ত্বেও তাদের প্রাপ্ত নম্বর ১৩০০-এর উর্ধ্বে। অথচ বর্তমান মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা নীতিতে তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। অপর পক্ষে উভয় পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ অনেক ছাত্র-ছাত্রী আছে যাদের মোট নম্বর ১২১০, ১২১৩, ১২১৫ বা এর কম। কিন্তু বর্তমান পরীক্ষা নীতিতে এ সমস্ত ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষাক্ষেত্রে এ ধরনের বৈষম্য দূর করা উচিত বলে আমরা মনে করি।

২। অনেক ছাত্র-ছাত্রী আছে যারা এসএসসিতে দ্বিতীয় বিভাগে এবং এইচএসসিতে ৭০০-এর বেশী নম্বর পেয়েছে। অথচ বর্তমান পরীক্ষা নীতিতে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছে না। কর্তৃপক্ষ এই সমস্ত ছাত্র-ছাত্রী ভাই-বোনদেরকে কিভাবে মূল্যায়ন করবেন তা গবেষণার বিষয়। আমরা মনে করি, এই ধরনের সিদ্ধান্ত ছাত্র-ছাত্রী ভাই-বোনদের অদূর ভবিষ্যতে এইচএসসিতে ভাল ফলাফল করার ব্যাপারে নিরুৎসাহিত করবে। তাদের এইচএসসিতে ভাল ফলাফল লাভ করা কি দোষের বিষয়?

৩। মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যদি উভয় পরীক্ষাতে প্রথম বিভাগ পাওয়া জরুরী হয় তা হলে অনেক ছাত্র-ছাত্রীই মফঃস্বল এলাকায় গিয়ে নকলের আশ্রয় নিয়ে কর্তৃপক্ষের প্রদত্ত শর্ত পূরণ করবে। ফলে একদিকে যেমন শিক্ষার পথিত্রতা নষ্ট হবে অন্যদিকে তেমনি এ জাতি

ধ্বংসের দিকে আর এক ধাপ এগিয়ে যাবে। কর্তৃপক্ষের এই ভয়াবহতা উপলব্ধি করা একান্ত জরুরী।

৪। কর্তৃপক্ষ যদি মনে করেন, একটিতে দ্বিতীয় বিভাগ প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা মেডিকেল কলেজে পড়ার অযোগ্য তা হলে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অনেক ছাত্র-ছাত্রী ঢাকা মেডিকেল কলেজসহ অন্যান্য মেডিকেল কলেজে পড়ছে কিভাবে? পরিশেষে দেশের মহামান্য রাষ্ট্রপতিসহ উর্ধ্বতন তথা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন, তারা বিষয়টিকে গুরুত্ব সহকারে বিচার-বিশ্লেষণ করে দেখবেন ও উচ্চ শিক্ষার পথকে সুগম করার লক্ষ্যে অধিক সংখ্যক ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেবেন। কর্তৃপক্ষ যেন পূর্ববর্তী বছরের ন্যায় এ বছরও মেডিকেল কলেজসমূহে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ন্যূনতম যোগ্যতা ১২০০ নম্বর বলে ঘোষণা করেন— এটাও আমাদের দাবী।

মোঃ রেজাউল কবীর জুয়েল
ঢাকা কলেজ।